



July Cook-Off 2019

Problem Code: PLAYSTR

Playing with Strings

শেফ সাধারণত ক্রিকেট খেলতে পছন্দ করে, কিন্তু এখন সে খুব বেশি পরিমাণে খেলে ক্লান্ত, তাই সে স্ট্রিং নিয়ে নতুন খেলা খেলার চেষ্টা করছে। শেফের বন্ধু ডাস্টিন তাকে বাইনারি স্ট্রিং S এবং R দেয়, প্রত্যেকের দৈর্ঘ্য N , এবং তাকে এদেরকে একই বানাতে হবে। তবে শেফের কাছে ডাস্টিনের মত কোন সুপারপাওয়ার নেই এবং ডাস্টিন শেফকে শুধু এক ধরনের অপারেশন সম্পাদন করতে দিবে: যেকোন পূর্ণসংখ্যার জোড়া (i, j) বেছে নিবে যাতে $1 \leq i, j \leq N$ এবং S এর i -তম ও j -তম অক্ষর অদলবদল করবে। সে যেকোনো সংখ্যক (শূন্য সহ) অপারেশন সম্পাদন করতে পারবে।

শেফের জন্য এটা ক্রিকেট থেকেও কঠিন এবং সে তোমার সাহায্য চায়। তাকে জানাও শুধুমাত্র বর্ণিত উপায়ে অপারেশন ব্যবহার করে স্ট্রিং S থেকে স্ট্রিং R এ পরিবর্তন করা সম্ভব কি না।

ইনপুট:

- ইনপুটের প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা T দেওয়া থাকে যা টেস্টকেস সংখ্যা নির্দেশ করে। এরপর T টেস্টকেস এর বর্ণনা দেওয়া থাকে।
- প্রত্যেক টেস্টকেসের প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা N দেওয়া থাকে।
- দ্বিতীয় লাইনে একটা বাইনারি স্ট্রিং S থাকে।
- তৃতীয় লাইনে একটা বাইনারি স্ট্রিং R থাকে।

আউটপুট:

প্রত্যেক টেস্ট কেস এর জন্য এক লাইনে একটি স্ট্রিং প্রিন্ট করতে হবে যা হবে "YES" যদি S থেকে R -এ পরিবর্তন করা সম্ভব অথবা "NO" যদি এটা অসম্ভব হয় (quotes ছাড়া)।

শর্তাবলি:

- $1 \leq T \leq 400$
- $1 \leq N \leq 100$
- $|S| = |R| = N$
- S এবং R -এ শুধু '1' এবং '0' অক্ষর থাকে

নমুনা ইনপুট :

2

5

11000

01001

3

110

001

নমুনা আউটপুট :

YES

NO

ব্যাখ্যা:

কেস 1: শেফ $(i, j) = (1, 5)$ অপারেশন সম্পাদন করতে পারে। তাহলে, S হবে "01001", যা R এর সমান।

কেস 2: এমন কোনভাবে অপারেশনগুলো সম্পাদন করা সম্ভব নয় যাতে $S R$ -এর সমান হয়।